জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪।

সূত্র: জাবি/প্রজি:/অ্যাকা:/১৬(৬৬৩)২০১১/২২৯৮ তারিখ: ২৫/০৩/২০১৪

## ২০১৩ শিক্ষাবর্ষে এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং কোর্সের ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত (২০১৩ শিক্ষাবর্ষের অধিভুক্তি নবায়ন থাকা সাপেক্ষে) কলেজ/ইনস্টিটিউটসমূহে এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং কোর্সে ২০১৩ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নে প্রদত্ত হলো

১। **ভর্তির যোগ্যতা**

ক) ভর্তিচ্ছু আবেদনকারীদের জাতীয় বিশ্ববিদ্যালয়/ পাবলিক বিশ্ববিদ্যালয় হতে ২০১২ সালে অথবা তৎপূর্বে ৫ (পাঁচ) বছরের মধ্যে স্নাতক পাস/ সম্মান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী হতে হবে।

খ) ভর্তিচ্ছুক আবেদনকারীর এস এস সি হতে স্নাতক পর্যন্ত কমপক্ষে সাত পয়েন্ট থাকতে হবে। (এস.এস.সি ও এইচ.এস.সি-র ক্ষেত্রে ১ম বিভাগ-৩ পয়েন্ট, দ্বিতীয় বিভাগ-২ পয়েন্ট, তৃতীয় বিভাগ-১ পয়েন্ট এবং স্নাতক এর ক্ষেত্রে ১ম বিভাগ-৫ পয়েন্ট, দ্বিতীয় বিভাগ-৩ পয়েন্ট, তৃতীয় বিভাগ-১ পয়েন্ট হিসেবে গণ্য হবে) অথবা, স্নাতক পর্যায়ে নূন্যতম সিজিপিএ ২.৫০ থাকতে হবে।

গ) কোন শিক্ষার্থী একসাথে একাধিক কোর্সে কিংবা একাধিক শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবেন না। এরূপ ক্ষেত্রে তার ভর্তি বাতিল করা হবে।

২। **আবেদনের নিয়ম**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info হতে আবেদন ফরম আগামী ২৩/০৩/২০১৪ তারিখ হতে ডাউনলোড করে নিয়ে ভর্তিচ্ছুক শিক্ষার্থীগণ হাতে পূরণ করবে। পূরণকৃত আবেদন ফরম, নির্ধারিত ফি এবং প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট কলেজ/প্রতিষ্ঠানে নির্ধারিত তারিখ অনুযায়ী জমা দিতে হবে।

খ) **কলেজ কর্তৃপক্ষের করণীয়ঃ** শিক্ষার্থীদের পূরণকৃত ফরমের তথ্য নিয়ে কলেজ কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি জাতীয় বিশ্ববিদ্যালয় হতে User ID (কলেজ কোড) এবং Password ব্যবহার (Password বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত) করে অনলাইনে (www.prof.nubd.info) ফরম পূরণ করবে। অনলাইনে পুরণকৃত ছাত্র/ছাত্রী ভর্তি বিবরণী থেকে প্রিন্ট করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত এক কপি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট দফতরে জমা দিবে। Password কোন অবস্থাতেই অন্য কাউকে অবগত করা যাবে না। নির্ধারিত তারিখের পর অনলাইনে ফরম পুরণ বা ফরম সংশোধনের সুযোগ থাকবে না।

অনলাইনে পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে:

ক) এস.এস.সি/ দাখিল/সমমান হতে স্নাতক পর্যন্ত শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও নম্বরপত্রের মুলকপি ;
খ) অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত ০২(দুই) কপি পার্স পোর্ট আকারের ছবি ;
গ) স্নাতক/সমমান, মাস্টার্স পরীক্ষায় পাস সংক্রান্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রশংসাপত্র;
ঘ) বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রীধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক সমতা নিরূপণের সনদপত্র;
ঙ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র।
চ) আবেদনপত্রে আবেদনকারীর মোবাইল নম্বর / ইমেইল ঠিকানা দিতে হবে।

**বি. দ্র. : ভর্তির সময় অবশ্যই কলেজ/ প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে মূল সনদপত্র প্রদর্শন করতে হবে। কলেজ/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ সনদপত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ে কাগজপত্র দাখিল করবেন। প্রয়োজনীয় কাগজপত্র অসম্পূর্ণ থাকলে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড সরবরাহ করা হবে না এবং ভর্তি বাতিল বলে গণ্য হবে।**

৩। **ফি এর বিবরণ**

ক) আবেদন ফি :........................................ ৫০০/- (পাঁচশত) টাকা
খ) রেজিস্ট্রেশন ফি শিক্ষার্থী প্রতি:...................... ১০,০০০/- (দশ হাজার) টাকা।
গ) বিলম্ব ফি সহ রেজিস্ট্রেশন ফি শিক্ষার্থী প্রতি....... ১৫,০০০/- (পনের হাজার) টাকা।

৪। **ভর্তি ও রেজিস্ট্রেশনের সময়সীমা**

ক) কলেজে বিলম্ব ফি ব্যতীত ভর্তির শেষ তারিখ .................................................. ০৬/০৪/২০১৪
খ) কলেজ কর্তৃক ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ.................................................. ০৭/০৪//২০১৪
গ) ০৩ (তিন) কপি ভর্তি বিবরণীসহ ব্যাংক ড্রাফট, অনলাইন প্রিন্টকপি এবং প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট দপ্তরে জমা দেয়ার শেষ তারিখ .................................. ০৮/০৪/২০১৪
ঘ) কলেজে বিলম্ব ফি সহ ভর্তির শেষ তারিখ ................................................ ২১/০৪/২০১৪
ঙ) কলেজ কর্তৃক বিলম্ব ফি সহ ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ.................................. ২২/০৪/২০১৪
চ) বিলম্ব ফি সহ ০৩ (তিন) কপি ভর্তি বিবরণীসহ ব্যাংক ড্রাফট, অনলাইন প্রিন্টকপি এবং প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট দপ্তরে জমা দেয়ার শেষ তারিখ .................................. ২৩/০৪/২০১৪
ছ) ক্লাশ শুরুর তারিখ ...................................................................... ০৯/০৪/২০১৪

(উল্লেখ্য যে, এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং কোর্সে নিয়মিত ক্লাস করতে হয় এবং পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা হিসেবে ক্লাশে কমপক্ষে ৭৫% উপস্থিতি থাকতে হবে)

বি.দ্র.ঃ নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই ব্যাংক ড্রাফট, ভর্তি বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট শাখায় গ্রহণ করা হবে না। বিবরণীতে উল্লিখিত শিক্ষার্থীর অতিরিক্ত ফি জমা দিলে তা ফেরত বা সমন্বয় করা হবে না। বিলম্বে ভর্তির বিশেষ অনুমতির জন্য কোন প্রকার আবেদন বিশ্ববিদ্যালয়ে গৃহীত হবে না।

৫। রেজিস্ট্রেশনের মেয়াদ
এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং কোর্সে রেজিস্ট্রেশনের মেয়াদ বিরতিহীনভাবে ০৪(চার) শিক্ষাবর্ষ। রেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি বা নবায়ন করা হবে না।

৬। পাঠ্যক্রম ও পাঠ্যসূচী
এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং কোর্সের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত পাঠ্যসূচী অনুসরণ করতে হবে।

৭। ভর্তি ফান্ড
ছাত্র-ছাত্রী প্রতি আবেদন পত্রের জন্য নির্ধারিত ৫০০/- (পাঁচশত) টাকার মধ্যে জন প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে সংশ্লিষ্ট কলেজ/প্রতিষ্ঠান ভর্তি ব্যয় মেটানোর জন্য রাখবে এবং অবশিষ্ট জন প্রতি ৩০০/- (তিনশত) টাকা হারে **"ভর্তি ফান্ড"** শিরোনামে সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর ব্যাংক ড্রাফট করতে হবে। ভর্তি ফান্ডের ড্রাফট বিশ্ববিদ্যালয়ে জমা দেয়ার জন্য অধ্যক্ষ কর্তৃক ডীন (স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র) বরাবর লিখিত পত্রে সংশ্লিষ্ট শাখার সুপারিশের ভিত্তিতে অর্থ ও হিসাব বিভাগ থেকে চালান নম্বর নিয়ে সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখায় জমা দেয়ার পর জমা রশিদের একটি অংশ সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।

৮। কলেজ কর্তৃপক্ষের জ্ঞাতার্থে
কোন অবস্থাতেই আসন সংখ্যার অতিরিক্ত ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।
রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে পরীক্ষার্থীগণ জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক গৃহীত যে কোন সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবে।

২০।৩।১৪

ডীন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

স্মারক নং- জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/১৬(৬৬৩)২০১১/২২৯৬ তারিখঃ ২০ /০৩/২০১৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলঃ

১. সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. পরিচালক, (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক, (জনসংযোগ ও প্রকাশন বিভাগ), জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. পরিচালক, (কম্পিউটার ও আইসিটি ইউনিট), জাতীয় বিশ্ববিদ্যালয়,(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৫. পরিচালক, প্রশিক্ষণ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর,ঢাকা
৬. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলর- এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. উপ- পরিচালক অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রফেশনাল শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. উপ-রেজিস্ট্রার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর (প্রশাসন) এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর (একাডেমিক) এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১২. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৩. অধ্যক্ষ, ------------------------------------------------
১৪. অফিস কপি/ গার্ড ফাইল/সংশ্লিষ্ট নথি

২০।৩।২০১৪

উপ-রেজিস্ট্রার
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

H:\MBA.in cross add..doc